

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ভোলা।

স্মারক নং- ৫৮.০৩.১০০৯.০০০.১৪.০০১.১৯-৯৩৩

তারিখঃ ২৬.১২.১৯ খ্রিঃ।

“কোটেশন বিজ্ঞপ্তি-০৩/২০১৯খ্রিঃ”

এতদ্বারা দৌলতখান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের অভ্যন্তরে গ্যারেজ, ফায়ারম্যান ব্যারাক ও অফিসারের বাস ভবনের সাধারণ মেরামত ও সংস্কার কাজের জন্য যোগ্যতা সম্পন্ন ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে কোটেশন আহবান করা যাচ্ছে। আগামী ৩১.১২.১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরে রক্ষিত কোটেশন বক্সে কোটেশন জমা দেয়া যাবে। একই দিন ১২.৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে কোটেশনসমূহ খোলা হবে (যদি কেউ উপস্থিত থাকেন)। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন কোটেশন গ্রহন করা হবেনা এবং অসম্পূর্ণ কোটেশন গ্রহণ যোগ্য হবেনা।

শর্তাবলীঃ

- ০১। দরদাতা প্রতিষ্ঠানকে সিডিউলে বর্ণিত সকল আইটেম এর জন্য একক মূল্য ও মোট মূল্য উল্লেখ পূর্বক দর অংকে ও কথায় লিখতে হবে।
- ০২। কোটেশন দাতাগণ সংযুক্ত কাজের বিবরণী/সিডিউল ছাড়া ও নিজ প্রতিষ্ঠানের ছাপানো প্যাডে সিডিউল মোতাবেক কোটেশন দাখিল করতে হবে। উদ্ধৃত দর অংকে এবং কথায় লিখতে হবে। দর প্রস্তাবে কোন প্রকার কীটা ছেড়া/ঘষা মাজা গ্রহণযোগ্য হবেনা।
- ০৩। কাজ সম্পন্নের পর দপ্তর কর্তৃক গঠিত কমিটির প্রত্যয়ন সাপেক্ষে বিল প্রদান করা হবে।
- ০৪। কর্তৃপক্ষ সরকারী স্বার্থ বিবেচনায় কোটেশনে সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য থাকবেন না। উল্লেখ্য সরকারী স্বার্থ বিবেচনায় 'কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শান ব্যতিরেকেই যে কোন কোটেশন বাতিল বা গ্রহণ করার অধিকার সংরক্ষণ করবেন। এ ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৫। কোটেশন প্রদানের পর সংশ্লিষ্ট মালামালের বাজার মূল্য বৃদ্ধি পেলে কর্তৃপক্ষ তা বিবেচনা করতে বাধ্য থাকবেন না। কার্যাদেশ প্রদানের ২০ (বিশ) দিনের মধ্যে কোটেশনে বর্ণিত সকল কার্যাদি যথাযথভাবে সম্পন্ন করতে হবে।
- ০৬। হাল সালের ট্রেড লাইসেন্স (সত্যায়িত কপি দাখিল করতে হবে)।
- ০৭। হাল সালের আয়কর ও ভ্যাট (সত্যায়িত) সনদ দাখিল করতে হবে।

স্বাক্ষরিত/-

মোঃ জাকির হোসেন
উপ-সহকারী পরিচালক (চঃদাঃ)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ভোলা

ও

সভাপতি, কোটেশন কমিটি।


ফোনঃ ০৪৯১- ৬১৪১৮

তারিখঃ ২৬.১২.১৯ খ্রিঃ।

স্মারক নং- ৫৮.০৩.১০০৯.০০০.১৪.০০১.১৯-৯৩৩(৬)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল।
- ০৪। জেলা প্রশাসক, ভোলা, জেলা ও উপজেলা পরিষদ/ভোলা/দৌলতখান, গণপূর্ত বিভাগ, ভোলা/প্রেস ক্লাব, ভোলা/দৌলতখান এবং অত্র দপ্তরের নোটিশ বোর্ড।
- ০৫। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, দৌলতখান, ভোলা।
- ০৬। অফিস কপি।


মোঃ জাকির হোসেন

উপ-সহকারী পরিচালক (চঃদাঃ)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ভোলা

ও

সভাপতি, কোটেশন কমিটি।

ফোনঃ ০৪৯১- ৬১৪১৮।